দৈনিক ইত্তেফাক

তারিখ 0 9 FEB 1993
পৃষ্ঠা ৭২ কলাম ৫

# সরকারী কলেজ শিক্ষকদের কর্মবিরতি কর্মসূচী স্থগিত

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ রবিবার শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকারের সাথে এক বৈঠকে সন্তোষজনক আলোচনার প্রেক্ষিতে তাঁহাদের কর্মবিরতি কর্মসূচী স্থগিত করিয়াছেন। বৈঠকে সরকারী কলেজ শিক্ষকদের পদোন্নতি, নূতন পদ সৃষ্টি ও জ্যেষ্ঠতা নির্ধারণের ব্যাপারে বিস্তারিত আলোচনা করিয়া একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করা হয়। এ কমিটি আগামী দুই সপ্তাহের মধ্যে সরকারের কাছে ইহার রিপোর্ট পেশ করিবে। বৈঠকে ১৯টি সরকারী কলেজের শিক্ষকদের বেতন বৈষম্য দূর, সমন্বিত চাকুরী বিধি ও নীতিমালা প্রণয়ন এবং ওয়ারেন্ট অব প্রিসিডেন্সে শিক্ষকদের স্থান নির্ধারণ, প্রদর্শক, শরীর চর্চা শিক্ষক ও গ্রন্থাগারিকদের জন্য সিনিয়র পদ সৃষ্টিসহ সরকারী কলেজ শিক্ষকদের বিভিন্ন সমস্যা নিয়া বিস্তারিত আলোচনা করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব খোদেজা আজম, যুগ্মসচিব একরামুল্লাহ চৌধুরী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ইউনুস মিয়া, সমিতির সভাপতি কামাল আতাউর রহমান, মহাসচিব মমতাজ বেগম, সহ-সভাপতি অধ্যাপক এস এম হাতেম আলী ও আঃ মজিদ, যুগ্ম মহাসচিব ফজিলাতুন্নেছা, সাংগঠনিক সচিব আবদুল কাদের, উপাধ্যক্ষ আতাউর রহমান, ঢাকা মহানগরীর সহ-সভানেত্রী হোসনা আখতার, সহ-সভাপতি নজরুল ইসলাম, সদস্য এনামুল হক প্রমুখ বৈঠকে উপস্থিত ছিলেন।—তথ্য বিবরণী